

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৫৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৮. দিতীয় অনুচ্ছেদ - আত্মসংযম ও কাজে ধীরস্থিরতা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِأَشَجِّ عَبْدِ الْقَيْسِ: إِنَّ فِيكَ لَخَصْلَتَيْنِ يُحِبُّهُمَا الله: الْحلم والأناة . رَوَاهُ مُسلم

বাংলা

৫০৫৪-[২] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ''আবদুল কায়স'' গোত্রের গোত্রপতিকে বললেনঃ তোমার মধ্যে দু'টো চরিত্র এমন আছে যে, আল্লাহ তা'আলা সেটা পছন্দ করেন- ১. সহনশীলতা ও ২. ধীরস্থিরতা বা চিন্তা-ভাবনা করে কাজ করা। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৫-(১৭), তিরমিয়ী ২০১১, ইবনু মাজাহ ৪১৮৮, আবূ দাউদ ৫২২৫, সহীহ আত্ তারগীব ২৬৭৮, সহীহ আল আদাবুল মুফরাদ ৪৫৬, আহমাদ ১১১৭৫, মুসনাদে আবূ ইয়া'লা ৬৮৪৮, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১২৭৯৫৬ আল মু'জামুস্ সগীর ৭৯২, আল মু'জামুল আওসাত্ব ৪১৮, ২৩৭৪; আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২০৭৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لِأَشْتِجٌ عَبْدِ الْقَيْسِ) বলতে কাকে বোঝানো হয়েছে: 'আবদুল কায়স' গোত্রের গোত্রপতি বলতে তাদের প্রতিনিধি দলের নেতা মুন্যির ইবনু 'আয়িয-কে বোঝানো হয়েছে। সহীহ মুসলিমের বর্ণনা দ্বারা এটাই বোঝা যায়-(মিরকাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১ম খন্ড, ১৭/২৫)। তবে তার নাম নিয়ে মতপার্থক্য আছে। ইবনুল কালবী বলেনঃ তার নাম মুন্যির ইবনুল হারিস ইবনু যিয়াদ ইবনু 'আসর ইবনু 'আওফ। কথিত আছে, তার নাম : মুন্যির ইবনু 'আমির। কথিত আছে, মুন্যির ইবনু 'উবায়দ'। কথিত আছে, তার নাম : 'আয়িয ইবনুল মুন্যির। কথিত আছে, 'আবদুল্লাহ্ ইবনু 'আওফ। তবে সঠিক ও প্রসিদ্ধ হলো ইবনু 'আবদুল বার ও অধিকাংশ মুহাদ্দিস যা বলেছেন, তা হলো তার নাম মুন্যির ইবনু 'আয়িয।



(শারহুন নাবাবী ১ম খন্ড, হাঃ ২৫-[১৭])

'আবদুল কায়স' গোত্রের প্রতিনিধি দলটি যখন মদীনায় পৌঁছে নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সাক্ষাতের জন্য উদ্যত হলো। তখন তাদের গোত্রপতি মুন্যির ইবনু 'আয়িয যাকে 'আশাজ্জ' নামে ডাকা হত। তিনি তাদের ঘরের কাছে এসে সবাইকে সুসংগঠিত করলেন। আর তার উটকে বেঁধে তার সুন্দর পোশাকটি পরিধান করলেন, এরপর নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আগমন করলেন। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে কাছে ডেকে তার পাশে বসালেন। এরপর নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বললেন, তোমরা কি নিজেদের ও গোত্রের সকলের পক্ষ থেকে বায়'আত করবে? জবাবে সম্প্রদায়ের সবাই বলল, হ্যাঁ। তখন আশাজ্জ তথা মুন্যির ইবনু 'আয়িয় বললেন, হে আল্লাহর রসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম! আপনি একজন লোকের জন্যেও কোন বিষয়ে এমন নির্দেশ প্রদান করেননি, যেটা দীন পালনের ক্ষেত্রে তার জন্য কঠিন। এখন আমরা নিজেদের জন্য আপনার কাছে বায়'আত করছি। আর গোত্রের লোকেদের নিকট আমরা লোক পাঠাব, যারা তাদেরকে ডাকবে। যারা আমাদের অনুসরণ করবে তারা আমাদের অনুসরণ করবে আরা কামদের অনুসরণ করেব আরা কামদের তার সত্য কথা বলেছ, নিশ্চয় তোমার মধ্যে দু'টো চরিত্র এমন আছে যে, মহান আল্লাহ সেটা পছন্দ করেন - ১. সহনশীলতা ও ২. ধীরস্থিরতা বা চিন্তাভাবনা করে কাজ করা। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০১১; শারহুন নাবাবী ১ম খন্ড, হাঃ ২৫-[১৭])

(الْجِلْمُ وَالْأَنَاةُ) কাষী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ الْجِلْمُ وَالْأَنَاةُ) কাষী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ والْجِلْمُ وَالْأَنَاةُ) কাষী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ والْجِلْمُ وَالْأَنَاةُ) কাষী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ হয়, সংশোধনের জন্য কাউকে অবকাশ দেয়া আর এ বাপারে তাড়াহুড়া না করা। আর আলোচ্য হাদীসটিতে حلم বলতে বুঝানো হয়েছে, তার সঠিক জ্ঞান ও শাস্তি দেয়ার জন্য অবকাশ প্রদান করাকে। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন